

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
উপস্থাপনা নং-	তারিখঃ- ২৪/১/২০		
০২৬	সংস্করণ নং-		
উঃ	সঃ	উঃ বিঃ	নিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
হিসাব শাখা-১
www.pwd.gov.bd

তারিখ: ২৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০০৮.২৩.৭৩

বিষয়: ২০২৪-২০২৫ আর্থিক সালে "ঐতিহাসিক রোজ গার্ডেন এর প্রত্নতাত্ত্বিক সংস্কার-সংরক্ষণ এবং ঢাকা মহানগর জাদুঘর স্থাপন" শীর্ষক প্রকল্পের বিপরীতে বাংলাদেশ শিল্পকলা একাডেমির অধীনে চলমান বেঙ্গল ষ্টুডিও সংস্কার-সংরক্ষণ কাজের ব্যয় নির্বাহের জন্য চেকের মাধ্যমে অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত কাজের জন্য উপ-প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব), "ঐতিহাসিক রোজ গার্ডেন এর প্রত্নতাত্ত্বিক সংস্কার-সংরক্ষণ এবং ঢাকা মহানগর জাদুঘর স্থাপন" শীর্ষক প্রকল্পের বেঙ্গল ষ্টুডিও-এর পূর্ত সংস্কার কাজ, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর স্মারক নং-২৪১ তারিখ-১৪/০১/২০২৫ খ্রিঃ এর মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ৪২,৮৮,০০০/= (বিয়াল্লিশ লক্ষ আটশি হাজার) টাকার চেক ন্যস্ত করা হয়েছে। যার চেক নং-CF-50 1343175 তারিখ-১৪/০১/২০২৫খ্রিঃ সোনালী ব্যাংক লিমিটেড, সেগুনবাগিচা, ঢাকা শাখা হতে উত্তোলনপূর্বক খরচ করার জন্য প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক পৃষ্ঠাংকন পূর্বক প্রেরণ করা হলো।


উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করে অত্র দপ্তরকে অবহিত করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবেঃ

শর্তঃ

- ১) প্রত্যাশী সংস্থার সাথে যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে। ২) বরাদ্দকৃত অর্থ চলতি অর্থ বছরে খরচ করতে হবে এবং খরচের হিসাব অত্র দপ্তরে/ প্রত্যাশী সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- ৩) বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন প্রকার অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- ৪) এ অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান অনুসারে খরচ করতে হবে।

সংযুক্তিঃ CF-50 1343175 তারিখ-১৪/০১/২০২৫খ্রিঃ

টাকার পরিমাণঃ ৪২,৮৮,০০০/- টাকা।



০৯-০২-২০২৫

মোঃ সাখাওয়াৎ হোসেন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

০২২২৩৩৮৮৯১৪

se_coord@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা।

